

2018/TDC/ODD/BNGAEC-101T/067

Downloaded from <https://elearningbengali.in>

TDC (CBCS) Odd Semester Exam., 2018

BENGALI

(1st Semester)

Course No. : BNGAEC-101T

(সংযোগের রূপ, রীতি ও প্রয়োগ)

(For Arts, Science, Commerce—Hons.
and Pass Course)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) সংযোগের ইংরেজি প্রতিশব্দ 'communication'
এসেছে ল্যাটিন প্রতিশব্দ communis/communas
থেকে।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(খ) একক কথনের একটি বৈশিষ্ট্য লেখো।

(2)

Downloaded from <https://elearningbengali.in>

- (গ) বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :
- (i) Monologue
(ii) Group Discussion
- (ঘ) কোন্ ধরনের সাক্ষাৎকারে একসঙ্গে কয়েকজন প্রার্থীর সঙ্গে কথা বলা হয় ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

- (ক) সংযোগের দুটি রূপ কী কী ?
(খ) সাক্ষাৎকারের উদ্দেশ্য কী ?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) সমবেত সংলাপে প্রার্থীকে কী কী বিষয়ে গুরুত্ব আরোপ করতে হবে, আলোচনা করো।
(খ) লেখ্য ও মৌখিক সংযোগের কয়েকটি পার্থক্য উল্লেখ করে একটি আলোচনা প্রস্তুত করো।

UNIT—II

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) :

১×৩=৩

- (ক) নথি সংরক্ষণের মাধ্যমকে কী বলা হয় ?
(খ) যে সমস্ত নথিপত্র প্রায়ই দৈনন্দিন প্রশাসনিক কাজে ব্যবহৃত হয় তাকে কী নথি বলা হয় ?

(3)

- (গ) কোন্ ধরনের প্রতিবেদনে শিরোনাম, প্রতিবেদকের নাম ও স্থানের উল্লেখ বাঞ্ছনীয় ?
- (ঘ) বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :
- (i) Report
(ii) Summary

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

- (ক) প্রতিবেদন বলতে কী বোঝ ?
(খ) নথি কতপ্রকার ও কী কী ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) নথিকরণের বিভিন্ন পর্যায় সম্পর্কে আলোচনা করো।
(খ) নিম্নলিখিত অনুচ্ছেদটির সারসংক্ষেপ প্রস্তুত করো :
দেশে প্রকৃত প্রস্তাবে শান্তি ও সুবিচার প্রতিষ্ঠিত করতে গেলে প্রচলিত শাসনতন্ত্রের বিরোধ ও স্বৈচ্ছাচারিতার প্রতিরোধ প্রয়োজন। এরূপ প্রতিরোধের অভাবে প্রাচীন ও মধ্যযুগে শান্তি ও সুশাসন দুর্লভ ছিল। এই প্রতিরোধকে কার্যকর করতে গেলে, ধীরভাবে সংযতভাবে চালাতে গেলে, স্থায়ী করতে গেলে প্রতিরোধ যারা করবে তাদের দলবদ্ধ হওয়া চাই। দল না থাকলে বহু সূচিত্তি বিধান বিধিবদ্ধ হতে পারত না; অতি প্রয়োজনীয় পরিবর্তনও সম্ভব হত না, স্বাধীন রাজ্যের নীতির কোনো স্বাধীনতা

J9/1045

(Continued)

J9/1045

(Turn Over)

(4)

Downloaded from <https://elearningbengali.in>

থাকত না—সমাজ চপলমতির ক্রীড়নক হয়ে দাঁড়াও। বিশেষত, রাষ্ট্রীয় স্বাধীনতা নির্ভর করে ইচ্ছামতো কর্ম করার শক্তির উপর। সে শক্তি অর্জন করতে হলে জনগণের মধ্যে সমবায়ের ক্ষমতা অনেক পরিমাণে থাকা চাই। নতুবা ভ্রান্ত, উন্মত্ত, অত্যাচারী স্বাধীনতার অপপ্রয়োগ করতে থাকবে, তখন বিরোধী দলের সৃষ্টি না হলে তার বিরুদ্ধে দাঁড়াবে কে?

UNIT—III

- ৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩
- (ক) 'বীরাস্তনা কাব্য' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?
- (খ) 'বীরাস্তনা কাব্য'-এর মোট পত্রসংখ্যা কত?
- (গ) "গুরুপত্নী আমি/তোমার, পুরুষরত্ন," গুরুপত্নীর পরিচয় কী?
- (ঘ) শূর্ণনখা কে ছিলেন?
- ৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২
- (ক) নীলম্বজ কোন রাজ্যের রাজা ছিলেন? তাঁর পুত্রের নাম কী?
- (খ) "কে তুমি, বিজ্ঞ বনে ভ্রম হে একাকী।" কে, কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছেন?
- ৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫
- (ক) 'বীরাস্তনা কাব্য'-এ প্রতিফলিত 'ড্রামাটিক মনোলগ'-ধর্মিতার লক্ষণ যে কোনো একটি পঠিত কবিতা অবলম্বনে আলোচনা করো।
- (খ) পত্র-কবিতা হিসাবে 'বীরাস্তনা কাব্য'-এর সার্থকতা আলোচনা করো।

UNIT—IV

- ১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩
- (ক) রবীন্দ্রনাথ কত খ্রিস্টাব্দে নোবেল পুরস্কার লাভ করেন?
- (খ) রবীন্দ্রনাথের কোন কবিতায় ছোটগল্পের সংজ্ঞাটি আছে?
- (গ) শৈলবালা কে?
- (ঘ) ফটিকের মামার নাম কী?
- ১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২
- (ক) "বাবা, আমাদের তবে এবার পথে ভাসালে।" কথাটি কে, কাকে বলেছে? কীভাবে বাবা ছেলেকে পথে ভাসালেন?
- (খ) "ছেলেমানুষ, উহাকে তুমি বড় বেশি পরিশ্রম করাইতেছ, উহার শরীর তেমন সবল নহে।" এখানে বক্তা কে? 'উহাকে' বলতে কাকে বোঝানো হয়েছে?
- ১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫
- (ক) "মা, এখন আমার ছুটি হয়েছে মা, এখন আমি বাড়ি যাচ্ছি।" এই উক্তি মধ্য গল্পের নামকরণের প্রতি যে গুঢ় সংকেত রয়েছে তা কতদূর সার্থক হয়েছে, আলোচনা করো।
- (খ) 'রামকানাইয়ের নিবুদ্ধিতা' গল্পে সংলাপ ব্যবহারের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

J9/1045

(Continued)

J9/1045

(Turn Over)

(6)

Downloaded from <https://elearningbengali.in> (7)

UNIT—V

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) :

১×৩=

(ক) নিচের কোন উৎসবটি শরৎকালে উদ্‌যাপিত হয় ?

(i) দুর্গোৎসব

(ii) বসন্তোৎসব

(খ) বরাক উপত্যকার প্রাণকেন্দ্রে প্রতি বৎসর অনুষ্ঠিত ঐতিহ্যবাহী মেলাটির নাম কী ?

(গ) কোনো কর্তৃপক্ষের কাছ থেকে অনুমোদন আদায়ের জন্য যে প্রতিবেদন লেখা হয় তার নাম ব্যক্তিগত প্রতিবেদন/প্রাতিষ্ঠানিক প্রতিবেদন।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ঘ) “গ্রহ পরিক্রমায় সমালোচকের দার্শনিক অন্তর্দৃষ্টি থাকা প্রয়োজন।” মন্তব্যটি সঠিক না ভুল ?

১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

(ক) কৃষির সঙ্গে সংযুক্ত দুটি উৎসবের নাম লেখো।

(খ) বহিরঙ্গন ক্রীড়া (outdoor games) ও অন্তরঙ্গন ক্রীড়া (indoor games)-এর দুটি পার্থক্য উল্লেখ করো।

J9/1045

(Continued)

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৫

(ক) তোমার দেখা কোনো একটি অঞ্চলের বন্যাপীড়িত মানুষের দুরবস্থা বর্ণনা করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

(খ) বর্তমান সময়ে বইমেলায় প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

J9—7470/1045 2018/TDC/ODD/BNGAEC-101T/067